স্নাতক পরীক্ষা ২০২৪

সাম্মানিক বাংলা

সেমেস্টার : ৬ কোর্স : CC-13

(নির্বাচিত বাংলা প্রবন্ধ)

সময় : ৩-ঘণ্টা পূর্ণমান : ৬০

প্রশ্নের মান ডানদিকে দেওয়া হল

১০ সংখ্যক প্রশ্নর উত্তর দেওয়া বাধ্যতামূলক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নর উত্তর দাও

## একক—১

১. 'লোক যদি সাহিত্য হইতে শিক্ষা পাইতে চেষ্টা করে তবে পাইতেও পারে, কিন্তু সাহিত্য লোককে শিক্ষা দেবার জন্য কোনো চিন্তাই করে না'—"বাস্তব" প্রবন্ধ অবলম্বনে এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১৫

২. রবীন্দ্রনাথ 'পঞ্চভূত' প্রবন্ধ-গ্রন্থে বৈঠকী রীতিতে সাহিত্য-শিল্প সম্পর্কিত বহু তাত্ত্বিক প্রসঙ্গের অবতারণা করেছেন। পাঠ্য প্রবন্ধ অবলম্বনে এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো। ১৫

৩. জীবনের একেবারে শেষপ্রান্তে উপনীত হয়ে রবীন্দ্রনাথের ইউরোপীয় সভ্যতা সম্পর্কে মোহভঙ্গ হয়। এই মোহভঙ্গের কারণ 'কালান্তর' প্রবন্ধ-গ্রন্থের "সভ্যতার সংকট" প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ১৫

## একক—২

৪. ব্যক্তিগত দুঃখ আনন্দদায়ক নয় অথচ করুণ রসের কাব্য ও ট্র্যাজেডি আমরা উপভোগ করি। অতুলচন্দ্র গুপ্তের 'কাব্যজিজ্ঞাসা'-র সূত্রে বিষয়টি আলোচনা করো। ১৫

৫. অতুলচন্দ্র গুপ্তের 'কাব্যজিজ্ঞাসা' বইটি বাংলা কবিতার অসংস্কৃতজ্ঞ সাধারণ কাব্যমোদী পাঠকদের কাব্যতত্ত্ব বুঝতে কতটা সহায়তা করবে বলে তোমার মনে হয় আলোচনা করো। ১৫

৬. অতুলচন্দ্র গুপ্তের 'কাব্যজিজ্ঞাসা' বইটির নানা রচনায় পাশ্চাত্য কাব্যতত্ত্বের প্রসঙ্গ বিভিন্ন অনুষঙ্গে এসেছে। পাঠ্যাংশ অবলম্বনে ভারতীয় ও পাশ্চাত্য কাব্যভাবনার এই প্রতিতুলনার তাৎপর্য আলোচনা করো। ১৫

# স্নাতক সাম্মানিক পরীক্ষা ২০২৪

## সাম্মানিক বাংলা

সেমেস্টার : ৬ কোর্স : CC-14

**(রবীন্দ্রসাহিত্য)**

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও**

### একক - ১

১। 'নিষ্ফল উপহার' কবিতায় কীভাবে মহামূল্যবান উপহারের নিষ্ফলতা প্রদর্শিত হয়েছে আলোচনা করো। ১৫

২। রবীন্দ্রনাথের 'মেঘদূত' কবিতায় কালিদাসের কাব্য কীভাবে নতুন রূপ লাভ করেছে দেখাও। ১৫

৩। 'বধূ' কবিতায় এক বধূর গ্রামজীবনের স্মৃতিকাতরতা এবং নগরজীবন সম্পর্কে তিক্ততার প্রকাশ যেভাবে ঘটেছে তার পরিচয় দাও। ১৫

### একক - ২

৪। সমগ্র নাটক জুড়ে চিত্রাঙ্গদা চরিত্রের অন্তর্দ্বন্দ্বই চরিত্রটিকে মহিমান্বিত করেছে।- এই বক্তব্যের প্রেক্ষিতে তোমার নিজস্ব মত ব্যক্ত করো। ১৫

৫। চিত্রাঙ্গদা ও অর্জুনের মিলনে মদন ও বসন্তের ভূমিকা আলোচনা করো। ১৫

৬। 'চিত্রাঙ্গদা' নাটকে বিভিন্ন চরিত্রের সংলাপের মধ্য দিয়ে রবীন্দ্রনাথ যে প্রকৃতির চিত্র এঁকেছেন তা বর্ণনা করো। ১৫

### একক - ৩

৭। 'চোখের বালি' উপন্যাসে আশা এবং বিহারীর সম্পর্কটি কীভাবে বিবর্তিত হয়েছে এবং তার মধ্য দিয়ে গল্পের অন্যান্য চরিত্রের সঙ্গে সমীকরণ কীভাবে বদলাতে বদলাতে গেছে, তা আলোচনা করো। ১৫

৮। 'চোখের বালির শেষটা দুর্বল, শুধু দুর্বল নয়, অগ্রাহ্য।'—বুদ্ধদেব বসুর করা এই মন্তব্য কতখানি গ্রহণযোগ্য, তা যুক্তিসহ বিচার করো। ১৫

৯। 'চোখের বালি' উপন্যাসে অন্নপূর্ণার ভূমিকা অন্য পাঁচটি চরিত্রকে কোনো না কোনো দিক থেকে কীভাবে প্রভাবিত করেছে, তা বিশ্লেষণ করো। ১৫

১০। **টীকা লেখো (যে-কোনো তিনটি) :** ৩×৫=১৫

(ক) 'এখনো সে বাঁশি বাজে যমুনার তীরে।' (খ) 'ইহার চেয়ে হতেম যদি / আরব বেদুয়িন!'

(গ) মদন ও বসন্তের সংলাপ (ঘ) অষ্টম পরিচ্ছেদে অর্জুন ও চিত্রাঙ্গদার সংলাপ (ঙ) 'চোখের বালি' উপন্যাসের নামকরণ (চ) 'বিনোদিনী বাহিরে বিলাসিনী যুবতী বটে, কিন্তু তাহার অন্তরে একটি পূজারতা নারী নিরশনে তপস্যা করিতেছে।'

## স্নাতক সাম্মানিক পরীক্ষা ২০২৪

## সাম্মানিক বাংলা

## সেমেস্টার : ৬ (CBCS) কোর্স : DSE-3

## (বিশ্বায়ন ও বাংলা সাহিত্য)

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

প্রশ্নের মান ডান দিকে দেওয়া হল

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

### একক — ১

১। বিশ্বায়নের যুগ বলতে কোন সময়কে বোঝানো হয়? পূর্ববর্তী সময়ের পরিপ্রেক্ষিতে এই বিশেষ সময়পর্বে অর্থনৈতিক অবস্থার কী কী বদল সাধিত হয়েছিল তা বিশদে আলোচনা করো। ৫+১০ = ১৫

২। ভারতের মতো দেশে বিশ্বায়ন শুধুমাত্র আশীর্বাদ হয়েই আসেনি — ভারতে বিশ্বায়নের ইতিহাস পর্যালোচনার সূত্রে এই মন্তব্যের যাথার্থ্য বিচার করো। ১৫

৩। বিশ ও একুশ শতকের সন্ধিক্ষণের বাঙালির বিনোদন — বিশেষত বাংলা থিয়েটারকে বিশ্বায়ন ও মুক্ত বাণিজ্য ব্যবস্থা কীভাবে প্রভাবিত করেছে তা আলোচনা করো। ১৫

### একক — ২

৪। 'নুড়ি বাঁদর' উপন্যাসে পুরাণ-প্রসঙ্গ অবতারণার অভিনবত্ব বিষয়ে আলোচনা করো। ১৫

৫। 'নুড়ি বাঁদর' উপন্যাসে 'প্রত্যাবর্তন' অধ্যায় পরবর্তী মানুষ ও পশুর বিরোধ রূপকের আকারে বিবৃত হয়েছে। — আলোচনা করো। ১৫

৬। সাহিত্য সমালোচনার সাম্প্রতিক ধারাগুলির মধ্যে বিশিষ্ট হল ইকো-ক্রিটিসিজম্ । এই ধারার মূল কথাটি হল সাহিত্য ও পার্থিব বস্তু-পরিবেশের মধ্যে সম্পর্ক নির্ণয়ের প্রয়াস। 'নুড়ি বাঁদর' উপন্যাসে পূর্বোক্ত ধারার বিভিন্ন লক্ষণ রয়েছে। — এ বিষয়ে তোমার মতামত বিবৃত করো। ১৫

### একক — ৩

৭। রূপান্তরিত গ্রামবাংলার নিষ্ঠুর বাস্তব ছবিকে 'বিষকপ্পুর' গল্পে যেভাবে তুলে ধরা হয়েছে তা নিজের মতো করে লেখো। ১৫

৮। আধুনিক জীবনের ইঁদুর-দৌড় প্রতিযোগিতায় নেমে আমরা হারিয়ে ফেলছি জীবনের মানে ও মূল্যবোধ। 'র‍্যাংক নম্বর ২১' গল্পে এই সত্যকে গল্পকার কীভাবে উপস্থাপন করেছেন? আমাদের ভবিষ্যৎ 'অন্ধকার বধ্যভূমি' কেন? ১২ + ৩ = ১৫

৯। 'পণ্য সংহিতা' কাব্যগ্রন্থের নামকরণের তাৎপর্য আলোচনা করো। ১৫

১০। **টীকা লেখো (যে-কোনো তিনটি) :** ৩ X ৫=১৫

ক) বিশ্বায়ন ও নয়া-উপনিবেশবাদ

খ) আন্তর্জাতিকতাবাদ ও বিশ্বায়ন

গ) আইবেক্স

ঘ) রিণু হরিণী

ঙ) 'টেকনোলজির টর্নেডো'

চ) 'হৃদয় অবাধ্য মেয়ে' — 'অবাধ্য' শব্দের তাৎপর্য

স্নাতক সাম্মানিক পরীক্ষা ২০২৪

সাম্মানিক বাংলা

সেমেস্টার :৬ CBCS কোর্স DSE 4

মানবীবিদ্যা

সময়: ৩ ঘন্টা পূর্ণমান : ৬০

প্রশ্নের মান ডানদিকে দেওয়া হল

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক। প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও।

একক ১

১)পশ্চিমের নারীবাদী আন্দোলনের ইতিহাসের একটি রূপরেখা অঙ্কন করো। নারীবাদী আন্দোলন যে মূলত নারীকে 'বিষয়' থেকে ক্রমশ 'বিষয়ী' হিসেবে প্রতিষ্ঠায় প্রয়াসী ছিল, সে-বিষয়ে আলোকপাত করো। ১০+৫=১৫

২) শাস্ত্রে কীভাবে নারীকে বিভিন্ন অধিকার থেকে বঞ্চিত করা হয়েছে সুকুমারী ভট্টাচার্যের ' প্রজনার্থা' প্রবন্ধ অবলম্বন করে আলোচনা করো। ১৫

৩) জ্ঞাননন্দিনী দেবীর জীবন, বাঙালি ভদ্রমহিলার আধুনিকতাকে তরান্বিত করেছে। আলোচনা করো। ১৫

একক ২

৪) চন্দ্রাবতীর রামায়ণে গীতিকার আঙ্গিক কতটা সার্থক ভাবে প্রয়োগ করা হয়েছে আলোচনা করো। ১৫

৫) উনবিংশ শতাব্দীতে নারীশিক্ষার পক্ষে ও বিপক্ষে যে যুক্তি প্রদান করা হত পাঠ্য প্রবন্ধ অবলম্বনে সে বিষয়ে তোমার অভিমত দাও। ১৫

৬) বেগম রোকেয়া তাঁর 'সুলতানা'স ড্রিম' রচনায় মেয়েদের স্বপ্ন -রাজ্যের যে চিত্র অঙ্কন করেছেন সমকালীন বাস্তবতার সূত্রে সেই স্বপ্নচিত্রের তাৎপর্য নির্দেশ করো। ১৫

একক ৩

৭) কবিতা সিংহ ও তসলিমা নাসরিন দুজনেই মেয়েদের নিজস্ব ঘরের দাবি তুলেছেন। এঁদের বক্তব্যের তুলনা করে বিষয়টি ব্যাখ্যা করো।১৫

৮) গৃহকর্মের মূল্য নিয়ে মল্লিকা সেনগুপ্তর বক্তব্য বিশ্লেষণ করো। ১৫

৯) চন্দ্রাবতীর রামায়ণ পড়ার অভ্যাস বদলে দিলেন নবনীতা দেবসেন। মন্তব্যটি বিষয়ে তোমার নিজস্ব মতামত লেখো। ১৫

১০) টীকা লেখো : ( যে- কোনো তিনটি) ৩ × ৫= ১৫

ক) হুমায়ুন আজাদের চোখে রবীন্দ্রনাথের 'চিত্রাঙ্গদা'

খ) 'কনকাঞ্জলি'

গ) বারোমাস্যার প্রকারভেদ

ঘ) 'সুলতানার স্বপ্ন'র রান্নাঘর

ঙ ) 'A room of one's own'

চ) 'পুরুষ নয়, পুরুষতন্ত্র'